

১৭/৫/৬৬

17 APR 20  
১৭/০৪/৬৬

যুগান্তর

## ছাত্রলীগের গঠনতন্ত্র সংশোধন প্রতিবছর সম্মেলন বাধ্যতামূলক

কমলুদ্দাহ মাহমুদ

ছাত্রলীগের সংশোধিত গঠনতন্ত্রে প্রতিবছর সম্মেলন বাধ্যতামূলক করা হয়েছে। আর কেন্দ্রীয় কমিটির পরিধি ১০১ থেকে বাড়িয়ে করা হয়েছে ২০১ সদস্যের। দীর্ঘ এক দশক পর ঘোষণাপত্রসহ গঠনতন্ত্রে ব্যাপক পরিবর্তন আনা হয়েছে। আগামী

১৪ এপ্রিল টঙ্গিপাড়ায় অনুষ্ঠিতবা সংগঠনের বিশেষ বর্ধিত সভায় আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা সংশোধিত গঠনতন্ত্রের মোড়ক উন্মোচন করবেন। গঠনতন্ত্রে ছাত্রীয় কার্যকরী সংসদ নামক কেন্দ্রীয় কমিটিকে কেন্দ্রীয় নির্বাহী গঠনতন্ত্র : পৃষ্ঠা ২ : কলাম ৭

### গঠনতন্ত্র : ছাত্রলীগ

(১ম পৃষ্ঠার পূর্বে)

পরিষদ নামকরণ করে বলা হয়েছে। এর কার্যকাল এক বছরের মধ্যে সম্মেলন আয়োজন করতে হবে, অন্যথায় নির্বাহী সংসদের কার্যকারিতা লোপ পাবে। তবে বিশেষ কারণে অবস্থায় বর্ধিত সভার অনুমোদনক্রমে এর কার্যকাল তিন মাস বর্ধিত করা যাবে।

কেন্দ্রীয় নির্বাহী সংসদের ২০১ জন সদস্যের মধ্যে সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়া সহ-সভাপতি ১১ জন (পূর্বে-১২), যুগ্ম সম্পাদক ৭ জন (পূর্বে-২), সাংগঠনিক সম্পাদক ৭ জন (পূর্বে-১) এবং সম্পাদক ১৮ জন (পূর্বে-১৪)। যে ৪টি সম্পাদকীয় পদ বেড়েছে সেগুলো হচ্ছে- ধর্মবিষয়ক, গণশিক্ষা বিষয়ক, জাগ ও দুর্বোধ্য ব্যবস্থাপনা এবং বিজ্ঞান ও ভাষা প্রযুক্তি সম্পাদক। সহ-সম্পাদকীয় নতুন নাম হয়েছে উপ-সম্পাদক ও এর সদস্য সংখ্যা বৃদ্ধি হয়েছে ১৮ জন। এছাড়া সদস্য ১১৩ জন। কাউন্সিল অধিবেশনে প্রত্যেক জেলা থেকে ২৫ জন করে কাউন্সিলারের প্রত্যেক জেটে সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হবেন। জাতীয় পরিষদের সংশোধিত নাম কেন্দ্রীয় কমিটি। যেখানে সাংগঠনিক জেলা ভিত্তিক ৮৪টি পদসহ মোট সদস্য ১৮৫ জন। সংগঠনের নামের ইংরেজি সংকল্প আগে যেখানে ছিল বিএসএল সেখানে বিসিএল করা হয়েছে। ঘোষণাপত্রের পরিবর্তন সম্পর্কে গঠনতন্ত্র সংশোধন কমিটির আহ্বায়ক ছাত্রলীগ সহ-সভাপতি আনিসুর রহমান বলেন, নতুন ঘোষণাপত্রে বাঙালির গর্ভিত ইতিহাস ও প্রত্যাশা প্রতিফলিত হয়েছে এবং আধুনিক বাংলাদেশ ও মেধাবী প্রকল্প গড়ে তোলার লক্ষ্যে ছাত্রসমাজের করণীয় সম্পর্কে দিকনির্দেশনা দেয়া হয়েছে। ১১ সদস্যের এই কমিটি তিন মাসে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের দিকনির্দেশনায় সংশোধিত প্রস্তাবনা সংগঠনের সভাপতি দিয়াকত শিকদার ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবুর কাছে পেশ করে। শেখ হাসিনার অনুমোদনক্রমে তা চূড়ান্ত করা হয়। নতুন গঠনতন্ত্র জেলা কমিটির পরিধি ৩১ থেকে ১০১-এ বর্ধিত করা হয়েছে। পান ও উর্জনিয়ন কমিটি হবে ৩১ সদস্যের। সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিটি হবে ৩১ সদস্যের আর অন্য ওয়ার্ড কমিটি হবে ১১ সদস্যের। জাতীয় বিশ্ববিদ্যালয় পরিষদে ৩১ সদস্যের কাউন্সিল দিবে। ১১ জন জেলা পরিষদে একটি নতুন পদ রাখা গঠিত হবে।